**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 04-10-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Mayer Gaman- No Entry :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ বিকেল ৫টায় আগরতলায় তুলসীবতী বালিকা বিদ্যালয়ের সামনে মায়ের গমন অনুষ্ঠানের উদ্বোধন করবেন। মায়ের গমন অনুষ্ঠান উপলক্ষে আগরতলা শহরে যানবাহন নিয়ন্ত্রণে নির্দেশিকা জারি করা হয়েছে। নির্দেশিকা অনুযায়ী দুপুর ২টা থেকে উজ্জয়ন্ত প্যালেস সংলগ্ন লায়ন্স গেট থেকে দশমীঘাট ভায়া জ্যাকসন গেইট, কামান চৌমুহনী, সূর্য চৌমুহনী, পোস্ট অফিস চৌমুহনী, প্যারাডাইস চৌমুহনী এবং বটতলা পর্যন্ত এলাকাকে দুর্গা প্রতিমা বিসর্জনের জন্য ব্যবহার করা হবে যতক্ষণ পর্যন্ত না পুরো প্রক্রিয়া সম্পূর্ণ হয়। এর ফলে শহরের বেশ কিছু স্থানে আজ সাময়িক সময়ের জন্য নো-এন্ট্রি বলবৎ থাকবে। স্থানগুলি হল: নাগেরজলা, বটতলা, দশমীঘাট, জয়পুর, আগন্তক ক্লাব, জয়নগর অফিস লেন, ফায়ার সার্ভিস চৌমুহনী, আইজিএম চৌমুহনী, বীরেন্দ্র ক্লাব, গান্ধীঘাট। তাছাড়া, আর এম এস চৌমুহনী, মধ্যপাড়া রোড, ওরিয়েন্ট চৌমুহনী, জ্যাকশন গেইট, গোলবাজার, লালমাইট্যা ক্রসিং, নেতাজী চৌমুহনী, পুরনো মোটর স্ট্যান্ড, গণরাজ চৌমুহনী, মহিলা কলেজ, টাউন হল, রবীন্দ্র ভবন ক্রসিং, বি কে চৌমুহনী ইত্যাদি স্থানেও 'নো-এন্ট্রি' বলবৎ থাকবে।

*******************************

**Puja Immersion :**

গতকাল সকাল থেকে রাত পর্যন্ত রাজ্যে ২ হাজার ৪৮৪টি প্রতিমা নিরঞ্জন করা হয়েছে। পুলিশ সদর দপ্তর জানিয়েছে, আগরতলায় দশমীঘাটে গতকাল সন্ধ্যা থেকে রাত পর্যন্ত ২৫১টি প্রতিমা নিরঞ্জন হয়েছে। রাজ্যে আরও ৪৯৯টি প্রতিমা নিরঞ্জন করা বাকি রয়েছে।

**************************

**Mayer Gaman– Traffic :**

গতকাল রাতে মায়ের গমন অনুষ্ঠানের চূড়ান্ত প্রস্তুতি খতিয়ে দেখেছেন তথ্য সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য, ট্রাফিক পুলিশের সুপার কান্তা জানগীর সহ প্রশাসনের অন্যান্য আধিকারিকরা। শ্রীমতি জানগীর জানান, আজ সকাল ৯টা থেকেই মায়ের গমন অনুষ্ঠানের প্রস্তুতি শুরু হবে। উজ্জয়ন্ত প্রাসাদ থেকে দশমীঘাট পর্যন্ত রাস্তার দুপাশে কোন ধরনের পার্কিং করা যাবে না। ট্রাফিক পুলিশের অফিসাররা এই ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

********************************

**PM to inaugurated initiative :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকাল ১১টায় নতুন দিল্লির বিজ্ঞান ভবনে ৬২,০০০ কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন যুব-কেন্দ্রিক উদ্যোগের সূচনা করবেন। প্রধানমন্ত্রীর কার্যালয় গতকাল জানিয়েছে, "প্রধানমন্ত্রী ৬০,০০০ কোটি টাকা বিনিয়োগের মাধ্যমে একটি কেন্দ্রীয় প্রকল্প, পিএম-সেতু চালু করবেন। এই প্রকল্পে ২০০টি হাব আইটিআই এবং ৮০০টি স্পোক আইটিআই সমন্বিত একটি হাব-এন্ড-স্পোক মডেলে দেশজুড়ে ১,০০০টি সরকারি আইটিআই-কে আপগ্রেড করার পরিকল্পনা করা হয়েছে।

***************************

**Flute Artist :**

প্রয়াত হলেন রাজ্যের বিশিষ্ট বাঁশি বাদক বাবুল দেবনাথ। গতকাল ধর্মনগর নিজ বাড়িতে হৃদরোগে আক্রান্ত হয়ে তার মৃত্যু হয়। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬৪ বছর। আকাশবাণী আগরতলা কেন্দ্র ও দূরদর্শন কেন্দ্রের নিয়মিত বাঁশি শিল্পী ছিলেন তিনি। বহু নাটক যাত্রা ও গানের সঙ্গেও বাঁশি বাজিয়েছেন। তাঁর মৃত্যুতে সংস্কৃতি মহলে গভীর শোকের ছায়া নেমে আসে।

***********************************

**Army Chief Warning To Pakistan :**

সেনাবাহিনী প্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী পাকিস্তানকে হুঁশিয়ারি দিয়েছিলেন যে তারা যদি কোনও নতুন শত্রুতার চেষ্টা করে তাহলে তাদের ভূগোলে থাকা অথবা ইতিহাস হয়ে ওঠার মধ্যে যেকোন একটিকে বেছে নিতে হবে। জেনারেল দ্বিবেদী গতকাল রাজস্থানের শ্রী গঙ্গানগরের কাছে সীমান্তবর্তী গ্রামে একটি সেনা চৌকিতে সেনাদের উদ্দেশ্যে ভাষণ দেওয়ার সময় এই মন্তব্য করেন। সেনাপ্রধান আরও বলেন, অপারেশন সিন্দুরের প্রাথমিক সাফল্য ছিল পাকিস্তানে সন্ত্রাসবাদী গোষ্ঠীগুলির দ্বারা ব্যবহৃত ৯টি স্থান ধ্বংস করা। অনুষ্ঠানে সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী অপারেশন সিন্দুরের সময় অসামান্য কাজের জন্য তিন অফিসার এবং বেশ কয়েকজন জওয়ানকে সম্মানিত করেন।

********************************

**MEA Slams Pakistan's Brutalities :**

ভারত বলেছে, পাকিস্তান-অধিকৃত জম্মু ও কাশ্মীরে ভয়াবহ মানবাধিকার লঙ্ঘনের জন্য পাকিস্তানকে অবশ্যই জবাবদিহি করতে হবে। নয়াদিল্লিতে এক সংবাদ সম্মেলনে এক প্রশ্নের জবাবে বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল পাকিস্তান অধিকৃত জম্মু ও কাশ্মীরের বেশ কয়েকটি এলাকায় বিক্ষোভের খবর তুলে ধরেছেন। তিনি বলেন পাকিস্তানী সেনাবাহিনী সেখানে নিরীহ নাগরিকদের ওপর নৃশংস অত্যাচার করছে, সে খবরও পাওয়া গেছে। পাকিস্তান জোর করে বে-আইনীভাবে এই অঞ্চল দখল করে রেখে সেখানকার সম্পদ ধারাবাহিকভাবে শোষণ করে চলেছে।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলাতে ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *